

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 16-05-2025

**Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী ডঃ এল মুরগান এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ এক বৈঠকে মিলিত হন।
- (২) কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী ডঃ এল মুরগান জানিয়েছেন, দক্ষিণ জেলায় ২ হাজারেরও বেশি মানুষকে একটি আর্থিক বছরে ১০০ দিনের মজুরি কর্মসংস্থানের আইনি গ্যারান্টি দেওয়া হচ্ছে।
- (৩) ভারত আন্তর্জাতিক মুদ্রা তহবিল থেকে পাকিস্তানকে আর্থিক সহায়তার বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য অনুরোধ করেছে।
- (৪) উত্তরপূর্ব রাইজিং কাপ অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেটে দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা জয়লাভ করেছে।

CM-Courtesy meet :

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক রাষ্ট্রমন্ত্রী ডঃ এল মুরগান এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে এক বৈঠকে মিলিত হন। তাদের মধ্যে রাজ্যের অগ্রগতির জন্য গৃহীত বিভিন্ন প্রকল্প ও কর্মসূচি নিয়ে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী বলেন কেন্দ্রীয় মন্ত্রী কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক পদক্ষেপ নিয়ে পর্যালোচনা করেন এবং ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের অগ্রগতির উপর কেন্দ্রের প্রতিশ্রুতির কথা ব্যক্ত করেন। পাশাপাশি ত্রিপুরার উন্নয়নে সবারকম সাহায্যের আশ্বাস ও তিনি দেন বলে মুখ্যমন্ত্রী জানান।

Dr. L.Murugan :

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং সংসদ বিষয়ক রাষ্ট্রমন্ত্রী ডঃ এল মুরুগান আজ বলেছেন যে রাজ্যের দক্ষিণ ত্রিপুরা জেলায় এমজিএনরেগার অধীনে নথিভুক্ত ৯৭.৫৫ শতাংশ জব কার্ডধারী কাজ পাচ্ছেন। বিলোনিয়ায় আজ তাঁর দ্বিতীয় ও শেষ দিনের সফরে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী বলেন যে ৯৭ হাজার মানুষের এমজিএনরেগার জব কার্ড রয়েছে। তিনি বলেন, জেলার ২ হাজারেরও বেশি মানুষকে একটি আর্থিক বছরে ১০০ দিনের মজুরি কর্মসংস্থানের আইনি গ্যারান্টি দেওয়া হচ্ছে। এছাড়াও, পিএম কিশাণ সম্মান নিধির আওতায় ২১ হাজারেরও বেশি সুবিধাভোগী প্রতি মাসে সরাসরি তাদের ব্যাংক অ্যাকাউন্টে ৬০০ টাকা করে পান। কেন্দ্রীয় মন্ত্রী জানিয়েছেন যে জেলায় ২৮ হাজারেরও বেশি লক্ষপতি দিদি রয়েছে, এছাড়াও স্বনির্ভর গোষ্ঠীতে কাজ করছেন ৭৪৮৬ জন মহিলা।

Dr. Murugan :

কেন্দ্রীয় তথ্য, সম্প্রচার ও সংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী ড. এল মুরুগান আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জোলাইবাড়ি ব্লকের অধীন পশ্চিম জোলাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের সুধীর সরকার পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিশুদের বিষয়ে খোঁজ খবর নেন।

E-Governance :

আগরতলা প্রজ্ঞা ভবনে আজ তথ্য ও প্রযুক্তি দপ্তরের উদ্যোগে ও কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রকের জাতীয় ই-গভর্নেন্স ডিভিশনের সহযোগিতায় "সুশাসনের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা: স্বচ্ছতা, দক্ষতা ও প্রভাব বৃদ্ধি," শীর্ষক এক সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার উদ্বোধন করেন মুখ্য সচিব জিতেন্দ্র কুমার সিনহা। এছাড়া উপস্থিত ছিলেন তথ্য ও প্রযুক্তি বিভাগের সচিব কিরণ গিত্যে, তথ্যপ্রযুক্তি

দপ্তরের অধিকর্তা জেয়া রাধুল গেশান, এন ই জি ডি, ইন্ডিয়া এ আই মিশন সহ রাজ্য ই গভর্নেন্স মিশনের উচ্চপদস্থ আধিকারিকরা। অনুষ্ঠানে মুখ্য সচিব বলেন রাজ্যের ডিজিটাল প্রশাসনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। যেখানে ই অফিস, ই কেবিনেট, ই গভর্নেন্স এর সুবিধাভোগী ব্যবস্থাপনা পদ্ধতি চালু হওয়ায় উপকৃত হয়েছেন সরকারি কর্মচারী থেকে শুরু করে সাধারণ জনগন। তিনি বলেন এই ধরনের উদ্যোগগুলো শুধু প্রশাসনিক প্রক্রিয়াকে সহজতর করেনি বরং স্বচ্ছতা এবং দায়বদ্ধতা বাড়িয়েছে যা ডিজিটাল ত্রিপুরা ও ডিজিটাল ইন্ডিয়ার বৃহত্তর দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গতিপূর্ণ। তাতে করে কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলো সফল বাস্তবায়নের কথাও তুলে ধরেন তিনি।

Sushanta Chowdhury :

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরহিত্যে আজ জিরানিয়া মহকুমা শাসকের অফিসে পর্যটন দপ্তরের এক বৈঠক হয়। বৈঠকে পর্যটনমন্ত্রী জানান, কেন্দ্রীয় সরকার স্বদেশ দর্শন প্রকল্পের দ্বিতীয় পরে জিরানিয়ায় অত্যাধুনিক মানের ইকো পার্ক নির্মাণের জন্য অনুমোদন দিয়েছে। খুব শিগগিরই পর্যটন দপ্তরের উদ্যোগে এই পার্কের নির্মাণের কাজ শুরু করা হবে। শচীন্দ্রনগর কলোনীতে কলকাতার নিকো পার্কের আদলে অত্যাধুনিক মানের ইকো পার্ক নির্মাণ করা হবে। এই বিষয়ে প্রস্তাবিত জায়গার ভূমি দাতাদের নিয়ে বৈঠক হয়েছে বলে মন্ত্রী শ্রী চৌধুরী জানিয়েছেন।

Minister Tinku Roy :

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত শিবিরে মন্ত্রী শ্রী রায় বাল্যবিবাহ ও কম বয়সে মাতৃস্ব রোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। শিবিরে চব্বিশ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

Sound Byte

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

IMF, India :

ভারত আন্তর্জাতিক মুদ্রা তহবিল থেকে পাকিস্তানকে আর্থিক সহায়তার বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য অনুরোধ করেছে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে তহবিলের একটি বড় অংশ পাকিস্তানের অভ্যন্তরে সন্ত্রাস-সম্পর্কিত পরিকাঠামোকে সমর্থন করার জন্য ব্যবহার করা হবে। আজ বিকেলে ভূজ বিমান বাহিনী স্টেশনে বিমান যোদ্ধাদের উদ্দেশ্যে ভাষণে তিনি বলেন আজকের সময়ে, পাকিস্তানকে যেকোনো ধরনের অর্থনৈতিক সহায়তা, সন্ত্রাসে অর্থায়নের চেয়ে কম কিছু নয়। শ্রী সিং অপারেশন সিন্দুরের সময় ভারতীয় বিমান বাহিনীর দ্রুত এবং সিদ্ধান্তমূলক পদক্ষেপের প্রশংসা করে বলেন যে এটি দেশ বিদেশে সকল ভারতীয়কে গর্বিত করেছে। শ্রী সিং বলেন যে পাকিস্তানে আশ্রয় নেওয়া সন্ত্রাসী পরিকাঠামো ধ্বংস করতে বিমান বাহিনীর মাত্র ২৩ মিনিট সময় লেগেছে। তিনি আরও বলেন

যে অপারেশন সিন্দুরের সময় ভারতীয় সেনাবাহিনীর কার্যকর ভূমিকা কেবল ভারতে নয়, বিদেশেও প্রশংসিত হচ্ছে।

Beti Bachao Beti Parao :

কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ কাঞ্চনপুর টাউন হলে অনুষ্ঠিত হল "বেটি বাঁচাও বেটি পড়াও" শীর্ষক মেগা সেমিনার। সেমিনারের উদ্বোধন করে কাঞ্চনপুরের মহকুমা শাসক ডাঃ দীপক কুমার বলেন কুসংস্কার মুক্ত, সুস্থ সমাজ গড়ে তুলতে ভবিষ্যত প্রজন্মকে গুরুদায়িত্ব পালন করতে হবে। একই সঙ্গে বাল্যবিবাহের মত সামাজিক ব্যাধি রোধে স্কুল পড়ুয়া ছাত্র ছাত্রী, অভিভাবক, প্রশাসন, সাধারণ নাগরিক- সবাইকে সচেতন হতে হবে। সেমিনারে উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক আশীষ ঠাকুর, বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, এম.ডি.সি শৈলেন্দ্র নাথ এবং স্বপ্না রানী দাস।

Dipak Majumder-NIPUN :

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ রামনগর উচ্চ বিদ্যালয়ে এক মাস ব্যাপী নিপুন ভারত মিশন ও জাতীয় শিক্ষানীতি ২০২০ র উপর আয়োজিত অনুষ্ঠানের সমাপ্তি দিবস ও বিভিন্ন সংস্কৃতিক অনুষ্ঠানের পুরস্কার বিতরণীর উদ্বোধন করেন। মেয়র বলেন রাজ্যে নিপুন ভারত মিশন কর্মসূচি কার্যকরী করার মাধ্যমে প্রাথমিক শিক্ষার উপর জোর দেওয়া হচ্ছে। যা শিক্ষার্থীদের আরও ভালো পাঠক এবং লেখক হতে সাহায্য করবে। তাছাড়া, পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপের দ্বারা শিশুদের পড়াশোনার প্রতি আগ্রহ বৃদ্ধি করা হচ্ছে।

Felicitation :

উনকোটি জেলা সদর কৈলাশহরের শ্রীরামপুর সূর্যমণি স্মৃতি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা এবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় একশ শতাংশ পাশের সাফল্য অর্জন করেছে। এই উপলক্ষে আজ ঐ বিদ্যালয়ে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় অভিনন্দন ও শুভেচ্ছাসূচক অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, পড়াশোনায় সাফল্য অর্জনের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের স্বাভিমानी ও আত্মনির্ভর হতে হবে। সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা থাকতে হবে। অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থী এবং শিক্ষক-শিক্ষিকাদের সংবর্ধিত করেন মন্ত্রী শ্রী রায়।

Civil Defence :

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার সিভিল ডিফেন্স প্রোগ্রাম অফিসার DCM প্রবীর সাহা জানিয়েছেন সোনামুড়ায় সিভিল ডিফেন্স ফাউন্ডেশন কোর্সের ওপর পাঁচ দিনের বিশেষ প্রশিক্ষণ শিবির আজ শেষ হয়েছে। স্থানীয় রেভিনিউ ডাকবাংলোতে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে সোনামুড়া মহকুমাধীন ৩৫ জন সিভিল ডিফেন্স স্বেচ্ছাসেবক অংশগ্রহণ করেন। ৫ জন প্রশিক্ষক তাদের দুর্যোগ মোকাবেলা বিষয়ে প্রশিক্ষণ দেন।

Deputation :

সার্কুমের দশরথ দেব মেমোরিয়াল রেসিডেনশিয়াল হায়ার সেকেন্ডারি স্কুলের সমস্যা নিয়ে আজ তিপুরা স্টুডেন্টস ফেডারেশন, টিএসএফ উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মার কাছে ডেপুটেশন দিয়েছে। সংগঠনের সাধারণ সম্পাদক হামালু জমাতিয়া জানান, পাঁচটি দাবিতে মন্ত্রীর সঙ্গে ডেপুটেশনে আলোচনা হয়েছে। স্কুলে শিক্ষকের সংকট দূর করতে দাবি জানানো হয়েছে। বালিকাদের হোস্টেলে পাকা দেওয়াল করে দেওয়া, ছাত্রীদের জন্য আলাদা শৌচাগারের ব্যবস্থা করা ও নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে।

Rising Cup :

প্রথম বারের মত উত্তরপূর্ব রাইজিং কাপ অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেটে দ্বিতীয় ম্যাচেও ত্রিপুরা জয়লাভ করেছে। আজ গুয়াহাটিতে রাজ্যদল ১৮৯ রানে মেঘালয়কে পরাজিত করে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৪ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস।
